



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

কুলগাঁও কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতা সভায়

শিক্ষার মান উন্নয়নে কুলগাঁও কলেজে বহুতল

বিশিষ্ট প্রশাসনিক ভবন নির্মাণের ঘোষণা মেয়রের

চট্টগ্রাম -১৬ মার্চ -২০১৯ ইংরেজী

শিক্ষার মান উন্নয়ন, শিক্ষার্থীদের শ্রেণী কক্ষ ভোগান্তি কমাতে নতুন করে কুলগাঁও কলেজে বহুতল বিশিষ্ট শীতাতপ নিয়ন্ত্রিত একটি প্রশাসনিক ভবন নির্মাণের ঘোষণা দিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। ১৫ শতক জায়গার উপর এ ভবন নির্মিত হবে। এতে অধ্যক্ষ, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারী কার্যালয়, কনফারেন্স হল, পূর্ণ লাইব্রেরী, লিফট, টয়লেট ব্লক, বিভিন্ন প্রকার প্রশিক্ষনের জন্য থাকবে একটি ট্রেনিং ইনস্টিটিউট, থাকবে গবেষণাগার ও এছাড়া গাড়ী পার্কিং এর ব্যবস্থাও থাকবে আধুনিক এ ভবনটিতে। দ্রুত সময়ের মধ্যে এই প্রশাসনিক ও একাডেমিক ভবনে ৫ তলার কাজ শুরু করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন মেয়র। আজ শনিবার সকালে কুলগাঁও সিটি কর্পোরেশন কলেজ এর বার্ষিক পুরস্কার বিতরণী, এইচ এস সি পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও একাদশ এবং স্নাতক(পাস) শিক্ষার্থীদের নবীন বরণ উপলক্ষে কলেজ ময়দানে আয়োজিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র এসব কথা বলেন। অনুষ্ঠানে চসিক প্রধান শিক্ষা কর্মকর্তা সুমন বড়ুয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় কাউন্সিলর মোহাম্মদ সাহেদ ইকবাল বাবু বিশেষ অতিথির বক্তব্য রাখেন। সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মোহাম্মদ ইয়াকুব, শিক্ষার্থী দূর্জয় নাথ, জ্যোতি দত্ত, উষা ও মিম। মঞ্চে চসিক নির্বাহী প্রকৌশলী মো. আবু ছিদ্দিক, প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদের শফিকুল হাসান বিকম, কামরুল হাসান, জানে আলম, জাকিয়া বেগম, প্রধান শিক্ষক এস এম এহসান উদ্দিন, শিক্ষক মিজানুর রহমান উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কুলগাঁও সিটি কর্পোরেশন কলেজের অধ্যক্ষ মো. আমিনুল হক খান। অনুষ্ঠান প্রারম্ভে মেয়র দেড় কোটি টাকা ব্যয়ে নির্মিত কলেজের উদ্ধমুখি সম্প্রসারণ ৩য় ও ৪র্থ তলা একাডেমিক ভবন উদ্বোধন করেন। প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন পরিপূর্ণ জ্ঞানার্জনের মাধ্যমে সুশিক্ষায় শিক্ষিত হয়ে সততা ও নীতি নৈতিকতা বোধ সম্পন্ন দক্ষ, যোগ্য মানব সম্পদই পারে জ্ঞান নির্ভর সমাজ প্রতিষ্ঠা করতে। তাই জ্ঞান ভিত্তিক যুক্তি নির্ভর সমাজ প্রতিষ্ঠায় জ্ঞান সৃজন, জ্ঞান বিতরণ ও জ্ঞানার্জনের কোনো বিকল্প নেই। শিক্ষার্থীদের অধিকতর নিষ্ঠাবান হয়ে পরিপূর্ণ জ্ঞানার্জনের মাধ্যমে নিজেদের সৎ ও আলোকিত সমৃদ্ধ মানুষ হওয়ার আহ্বান জানান মেয়র। পরে মেয়র সাংস্কৃতিক প্রতিযোগীতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

প্রেস বিজ্ঞপ্তি

বাওয়া স্কুল এন্ড কলেজের এইচ এস সি

শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

চট্টগ্রাম -১৬ মার্চ -২০১৯ ইংরেজী

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন বলেছেন, বিশ্বমানের প্রতিদ্বন্দ্বিতার যুগে জ্ঞান নির্ভর অর্থনীতি প্রতিষ্ঠা করতে হবে। এ ক্ষেত্রে যোগ্যতা অনুপ্রেরণা ও কঠোর পরিশ্রমই পারে শিক্ষার্থীদের সফলতা নিশ্চিত করতে। আজ শনিবার দুপুরে বাংলাদেশ মহিলা সমিতি উচ্চ বিদ্যালয় ও কলেজের এইচ এস সি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আনোয়ারা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় চট্টগ্রাম শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রের শিক্ষক শামসুদ্দীন শিশির বিশেষ অতিথির বক্তব্য রাখেন। অনুষ্ঠানে প্রতিষ্ঠানের সহকারী প্রধান শিক্ষক রাজিয়া বেগম, খাদিজা বেগম, শিক্ষক উম্মে জামিলা চৌধুরী, বিশ্বজিৎ মহাজন, শিক্ষার্থী ইমরাত জাহান প্রমুখ বক্তব্য রাখেন। প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র বলেন আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের শিক্ষার্থীরা মেধার অবদান রাখছে। জাতি হিসেবে এটা আমাদের গর্ব। তোমাদের অগ্রজরা যেমন আন্তর্জাতিক অঙ্গনে গর্বিত শিক্ষার্থী, তেমনি জ্ঞান, বিজ্ঞান, সাহিত্য ও সংস্কৃতিতে তোমাদের অগ্রজদের পদাঙ্ক অনুসরণ করে আমাদের প্রিয় মাতৃভূমিকে আরো একধাপ এগিয়ে নেবে বলে তিনি প্রত্যাশা করেন। এই প্রসঙ্গে মেয়র বলেন দেশে জ্ঞান নির্ভর আন্দোলন শুরু হয়েছে। এ আন্দোলন শিক্ষার্থীর মেধাকে বিকশিত করে, যৌক্তিক, বিবেকমান মানুষ তৈরি করতে সহায়তা করে। তিনি গতানুগতিক ভাবে শুধু মাত্র জিপিএ-৫ অর্জন ও মেধাবী হওয়ার জন্য উদগ্রীব নয় বরং শিক্ষার্থীদের মানবিক, আলোকিত ও দেশপ্রেমিক নাগরিক হিসেবে নিজেদেরকে গড়ে তুলতে হবে। সুশিক্ষিত মানুষ হয়ে সমৃদ্ধ বাংলাদেশ গড়তে শিক্ষার্থীদের মনোনিবেশের পাশাপাশি কর্মযোগী হওয়ার প্রয়োজন। এতে আমরা আমাদের অভিষ্ট লক্ষ্যে পৌঁছাতে সক্ষম হবো বলে প্রত্যাশা করেন মেয়র। পরে তিনি প্রতিষ্ঠান প্রধান মিসেস আনোয়ারা বেগম রচিত নারী কাহিনী গ্রন্থের মোড়ক উন্মোচন করেন।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন